

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
মানব সম্পদ উন্নয়ন বিভাগ

নং-এইচআরডিডি/পলিসি/MANCOM/৩৩৩/৪০/৩৭৯/৩১২

তারিখ : ৩০ মার্চ, ১৪১৮
১২ ফেব্রুয়ারী, ২০১২

পরিপত্র নং : ৫৩
সকল অফিস/শাখা প্রধানগণ
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ/বহিঃবাংলাদেশ।

সোনালী ব্যাংক লিমিটেড এর বিভিন্ন শাখা/অফিসসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের
নিয়মিতভাবে ডেস্ক পরিবর্তন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

প্রাসঙ্গিক বিষয়ে মানব সম্পদ উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা হতে ২৫ জুন, ২০০৮ তারিখে জারীকৃত পরিপত্র নং-২০ (এইচআরডিডি/৪০/২৭৫/১২৪০) এবং প্রধান কার্যালয়স্থ ডিজিটাল এন্ড কন্ট্রোল ডিভিশন, পার্সোনেল ম্যানেজমেন্ট ডিভিশন ও ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয় হতে বিভিন্ন সময়ে জারীকৃত ইশতেহার/ইশতেহারপত্র/পরিপত্র/পত্র/ডিওলেটারসমূহের প্রতি সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা হল।

২.০০: প্রধান কার্যালয় হতে জারীকৃত ইশতেহার/ইশতেহারপত্র/পরিপত্র/পত্র/ডিওলেটারসমূহে ব্যাংকের দৈনন্দিন কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদন, প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর একাধিক বিকল্প তৈরী এবং জাল-জালিয়াতিরোধকল্পে ব্যাংকের সকল শাখায়/অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ডেস্ক যথাসময়ে নিয়মিতভাবে পরিবর্তন করার নির্দেশনা রয়েছে।

৩.০০: কিন্তু মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্য/উপাত্ত বিশ্লেষণ করে প্রতীয়মান যে, প্রধান কার্যালয় হতে জারীকৃত নির্দেশনাসমূহ মাঠ পর্যায়ে যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। ফলে কর্মকর্তা/কর্মচারীদের উপযুক্ত প্রতিস্থাপক তৈরী করা সম্ভবপর হচ্ছে না বিধায় কোন কর্মকর্তা/কর্মচারী কোন কারণে চাকুরী হতে বিচ্ছিন্ন হলে শাখার দৈনন্দিন কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভবপর হচ্ছে না। তাছাড়া শাখায় জাল-জালিয়াতি সম্পূর্ণরূপে প্রতিরোধ করাও সম্ভবপর হচ্ছে না, যা ব্যাংক স্বার্থের হানিকর এবং কোন অবস্থাতেই কাম্য নয়।

৪.০০: বিষয়টি গত ২১ জানুয়ারী, ২০১২ তারিখে অনুষ্ঠিত MANCOM এর ৪৫ তম সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“ডেস্ক পরিবর্তন করে শাখার প্রতিটি কর্মকর্তা-কর্মচারীকে সকল কাজে দক্ষ করে গড়ে তুলতে হবে যাতে শাখা কোন বিশেষ কাজে কোন বিশেষ কর্মকর্তা/কর্মচারীর উপর নির্ভরশীল হয়ে না পড়ে।”

৫.০০: এমতাবস্থায়, MANCOM এর সিদ্ধান্ত মোতাবেক যথাসময়ে নিয়মিতভাবে কর্মকর্তা/কর্মচারীদের ডেস্ক পরিবর্তন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হল।


৬.০০: পিও/আরও প্রধানগণ তাদের নিয়ন্ত্রণাধীন শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ডেস্ক নিয়মিতভাবে পরিবর্তন করা হচ্ছে কিনা সে বিষয়টি মনিটর করবেন। শাখাসমূহের পরিদর্শক/সিনিয়র অডিটর/অডিটরগণ শাখা পরিদর্শনের সময় শাখায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ডেস্ক যথাসময়ে পরিবর্তন করা হয় কিনা তা যথাযথভাবে পরীক্ষা করবেন এবং নিরীক্ষা প্রতিবেদনে বিষয়টি উল্লেখ করবেন।

৭.০০: MANCOM এর সিদ্ধান্ত মোতাবেক যথাসময়ে কর্মকর্তা/কর্মচারীদের ডেস্ক পরিবর্তন না করার ফলে কোন বিরূপ পরিস্থিতির উদ্ভব হলে/জাল-জালিয়াতি সংঘটিত হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্টদের বহন করতে হবে।

বিষয়টি অর্জিত জরুরী।

আপনাদের বিশ্বস্ত,


(নগণের আলী খন্দকার)
জেনারেল ম্যানেজার


(এ. কে. এম সাজেদুর রহমান খান)
ডেপুটি জেনারেল ম্যানেজার